37

09 JUL 1993

দৈনিক সংবাদ

তারিখ ... 09 JUL 1993
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ...

শিক্ষামন্ত্রীর সঙ্গে বৈঠক

# বিসিএস সাধারণ শিক্ষা সমিতির দাবি পূরণের আশ্বাস

বিসিএস সাধারণ শিক্ষা সমিতির ১৬ দফা দাবি বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনার উদ্দেশ্যে গতকাল বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ে শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকারের সভাপতিত্বে সমিতির নেতৃবৃন্দের এক বৈঠক অনুষ্ঠিত হয়। শিক্ষা সচিব মোঃ ইরশাদুল হক বৈঠকে উপস্থিত ছিলেন।

শিক্ষা ও শিক্ষকদের স্বার্থে ১৬ দফা দাবি বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। বিশেষ করে প্রবীণতা ও পদোন্নতির ক্ষেত্রে বৈষম্য দূরীকরণ, সরকারী কলেজসমূহের শূন্য পদ সৃষ্টি ও দীর্ঘদিন ফেলে থাকা শূন্য পদ দ্রুত পূরণ, সহকারী অধ্যাপকদের সিলেকশন গ্রেড প্রদান, শতকরা ২০ ভাগ সংরক্ষিত পদ উঠিয়ে দিয়ে বিভাগীয় পদোন্নতি দেয়া সম্পর্কিত সিদ্ধান্তের দ্রুত বাস্তবায়ন, শিক্ষকদের অবসরগ্রহণের বয়সসীমা ৬০ বছরে উন্নীতকরণ এবং শিক্ষা ব্যবস্থাপনায় দুর্নীতি রোধ করে কাজে দক্ষতা বৃদ্ধি সম্পর্কিত বিষয়ে নেতৃবৃন্দ আলোচনা করেন এবং এ সম্পর্কিত দাবি বাস্তবায়নের জোর দাবি জানান। শিক্ষামন্ত্রী উল্লিখিত দাবিসমূহ অবিলম্বে বাস্তবায়নের আশ্বাস প্রদান করেন।

বৈঠকে শিক্ষক নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন বিসিএস সাধারণ শিক্ষা সমিতির মহাসচিব মোঃ আবু ইউসুফ, কোষাধ্যক্ষ মোঃ এনায়েত হোসেন মিয়া, সাংগঠনিক কমিটির সদস্য অধ্যক্ষ এবিএম জনাব আলী, আয়ুবুর রহমান, আবু সাঈদ, হারাধন গাঙ্গালী, নূরুল আলম, স্বপ্না সাহা, তরুজা বেগম, মোশাররফ হোসেন, রফিকুল ইসলাম খান প্রমুখ। খবর সংবাদ বিজ্ঞপ্তির।